বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
www.bgfcl.gov.bd

## ২৭ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৭তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২৭ এপ্রিল ২০২৬ |
| সভার সময় | দুপুর ২.৩০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভার সভাপতি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বোর্ড রুমে উপস্থিত এবং অনলাইনে অংশগ্রহণকারী সকলকে এপ্রিল'২৬ মাসের/১০৭তম সমন্বয় সভায় স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি কোম্পানি সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। এছাড়া, তিনি পেট্রোবাংলার মাসিক পর্যালোচনা সভায় উপস্থাপিত বিজিএফসিএল সংশ্লিষ্ট বিষয়াবলীকে কোম্পানির সমন্বয় সভার আলোচ্যসূচিতে রাখার জন্য কোম্পানি সচিবকে পরামর্শ প্রদান করেন। কোম্পানি সচিব সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে গত ৩০ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৬তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.০। | **অপারেশন ডিভিশন:** | | | |
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারে ফ্লো-কম্পিউটার ইন্সটলেশনের কাজ নিয়োজিত ঠিকাদার কর্তৃক ২ এপ্রিল থেকে শুরু হয়েছে। Turnkey basis-এ ১৩টি ফ্লো-কম্পিউটার (তিতাস ফিল্ডে-৬টি) ইনস্টলেশন কাজ আগামী ১$^{১}/_{২}$-২ মাসের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। | কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারসমূহে ফ্লো-কম্পিউটার ইন্সটলেশন কার্যক্রম আগামী ২ মাসের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৮টি পরিত্যক্ত টেলি-কমিউনিকেশন টাওয়ার এবং ব্রাহ্মণবাড়িয়াস্থ গোকর্ণ ঘাটে অবস্থিত ১টি অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংক 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আনুমানিক বিক্রয়মূল্য নির্ধারণের নিমিত্ত কোম্পানির ৭৪৭তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বিটিসিএল এবং বিপিসি-র কর্মকর্তা সম্পৃক্ত করে ২টি কমিটি গঠন করা হয়। ইতিমধ্যে টেলি-কমিউনিকেশন টাওয়ার সংশ্লিষ্ট কমিটির রিপোর্ট পেশ করা হয়েছে। কনডেনসেট স্টোরেজ ট্যাংক সংশ্লিষ্ট কমিটির রিপোর্ট প্রণয়ন করা হচ্ছে। | হবিগঞ্জ, বাখরাবাদ, নরসিংদী ফিল্ডে বিদ্যমান এবং তিতাস-সি তে রাখা (ডিএলও-এর) সর্বমোট ৮টি পরিত্যক্ত টেলিকমিউনিকেশন টাওয়ার এবং ব্রাহ্মণবাড়িয়াস্থ গোকর্ণ ঘাটে অবস্থিত ১টি অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংক 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে বোর্ডের নির্দেশনা অনুযায়ী গঠিত অনুমিত মূল্য নির্ধারণ কমিটির প্রণীত রিপোর্ট ও সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী সকল প্রক্রিয়া সম্পন্ন করে বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) /(অর্থ ও হিসাব) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ)/ (স্থানীয় সংগ্রহ) |
| | | **গ) কামতা ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিপিএলসি-এর ভবনটি সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে টিজিটিডিপিএলসি কর্তৃক জানানো হয়েছে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিপিএলসি-এর পরিত্যক্ত ভবনটির সংস্কারের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| ৪.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন:** | | | |
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | চলমান ৫টি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | (ক) তিতাস-ই এবং জি তে কম্প্রেসর স্থাপন | তিতাস-ই এবং জি লোকেশনে ৬টি কম্প্রেসর স্থাপন সম্পন্ন শেষে বিজিএফসিএল ও ZICOM-এর ১ বছর মেয়াদী জয়েন্ট অপারেশন কার্যক্রম ১৭ নভেম্বর ২০২৫ হতে চলমান আছে। এছাড়া, ZICOM-এর প্রায় ১মাস মেয়াদী একটি অনসাইট ট্রেনিং-এ কোম্পানির ২৫জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। পাশাপাশি, ZICOM আয়োজিতব্য ২টি বৈদেশিক প্রশিক্ষণ সিডিউল প্রণয়ন করা হচ্ছে মর্মে জানানো হয়েছে। | কম্প্রেসরসমূহের জয়েন্ট অপারেশন শেষে বিজিএফসিএল-এর জনবলকেই কম্প্রেসরসমূহের অপারেশন পরিচালনা করতে হবে বিধায় প্রশিক্ষণলব্ধ জ্ঞান এবং যৌথ অপারেশনে লব্ধ জ্ঞানের সমন্বয়ে দক্ষ জনবল গড়ে তুলতে হবে।<br><br>আয়োজিতব্য ২টি বৈদেশিক প্রশিক্ষণের সিডিউল ZICOM-হতে দ্রুত সংগ্রহ করতে হবে। | |

| | | |
|---|---|---|
| (খ) ৭টি কূপের ওয়ার্কওভার | বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভারের জন্য বাপেক্স কর্তৃক রিগ-আপ সম্পন্ন হয়েছে। যথাশীঘ্র কূপটির ওয়ার্কওভার কার্যক্রম শুরু করা হবে। বাখরাবাদ ফিল্ডে ২টি কূপের ওয়ার্কওভার (বাখরাবাদ-৬ এবং ৭) সম্পন্নের পর মেঘনা-১ কূপের ওয়ার্কওভার সম্পাদন করা হবে। এ লক্ষ্যে মেঘনা ফিল্ডের রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজ ঠিকাদার কর্তৃক আগামীকাল থেকে শুরু করা হচ্ছে। এছাড়া, বাঞ্ছারামপুর দিয়ে সড়ক পথে অথবা মরিচাকান্দি দিয়ে নদী পথে মেঘনা ফিল্ডে রিগ পরিবহনের বিষয়ে বাপেক্স সরেজমিনে পরিদর্শন করেছে। | বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার যথাশীঘ্র শুরুর লক্ষ্যে বাপেক্স-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>মেঘনা-১ কূপের রিগ ফাউন্ডেশন মডিফিকেশন কাজ দ্রুত সম্পাদনে তৎপর ও সচেষ্ট হতে হবে।<br><br>মেঘনা ফিল্ডে রিগ পরিবহনে রাস্তায় কোন প্রতিবন্ধকতা থাকলে বা রাস্তা সংস্কারের প্রয়োজন হলে তা বাপেক্সের সাথে নিবিড় যোগাযোগ রেখে যথাসময়ে সম্পাদন করতে হবে। |
| (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ খনন (তিতাস-৩১ ও বাখরাবাদ-১১) | ২টি গভীর অনুসন্ধান কূপ (তিতাস-৩১ এবং বাখরাবাদ-১১) খনন প্রকল্পের আওতায় তিতাস-৩১ কূপ খনন কাজ ১৯-৪-২০২৬ তারিখে পেট্রোবাংলার পরিচালক (অর্থ) মহোদয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়। বাখরাবাদ-১১ কূপ খননের লক্ষ্যে অধিযাচনকৃত ভূমির মালিকগণ কর্তৃক যথাশ্রীঘ্র অধিগ্রহণের দাবী জানানো হয়েছে এবং পাশাপাশি অধিযাচনকৃত ভূমির ফসলের ক্ষতিপূরণ বাবদ প্রাপ্য অর্থ জেলা প্রশাসন কর্তৃক দ্রুত প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। | গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এর খনন কাজ যথাসময়ে সুসম্পন্ন করার জন্য সচেষ্ট হতে হবে।<br><br>বাখরাবাদ-১১ কূপ খনন এলাকার অধিযাচনকৃত ভূমির মালিকগণ যেন তাদের ফসলের ক্ষতিপুরণ দ্রুত পায়, এজন্য জেলা প্রশাসন, কুমিল্লার সাথে যোগাযোগ করতে হবে। |
| (ঘ) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ | বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের আওতায় বনাঞ্চলে জরিপের বিষয়ে বন বিভাগের অনুমোদন পাওয়া গিয়েছে। বাপেক্স কর্তৃক মাঠ পর্যায়ের কাজের লোকবল সংগ্রহের বিষয়টি আদালতের পরবর্তী নির্দেশনার অপেক্ষাধীন আছে। | বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের কার্যক্রম এগিয়ে নেয়ার লক্ষ্যে বাপেক্স- এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন | ( ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস-২৮ কূপের খনন কাজ শেষ পর্যায়ে আছে। গ্যাস গ্যাদারিং পাইপলাইন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। Cement Plug এবং DST সম্পন্ন করে মে, ২০২৬ মাসের শেষ সপ্তাহ নাগাদ কূপটি থেকে গ্যাস উৎপাদন শুরু করা যাবে মর্মে আশা করা যাচ্ছে। এছাড়া, কামতা ফিল্ডের কূপ খননের লক্ষ্যে আগামী ২৪-৪-২০২৬ তারিখ হতে CCDC কর্তৃক রিগ ও খনন সংক্রান্ত যন্ত্রপাতি/মালামাল ফিল্ডে পৌঁছানো শুরু হবে। কামতা ফিল্ডের জন্য দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন তৈরি এবং টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের কাজ চলমান আছে। | মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের কাজ দ্রুত ও যথাযথভাবে সম্পাদনে অধিকতর তৎপর ও সচেষ্ট হতে হবে।<br><br>কামতা ফিল্ডের কূপ খনন কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।<br><br>কামতা ফিল্ডের জন্য দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন তৈরি এবং টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করে দরপত্র আহবানের ব্যবস্থা নিতে হবে। | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৪টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |
| | | ( ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | | ( খ) তিতাস- ১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রণীত ডিপিপি ইএমআরডি-তে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের EIA চূড়ান্ত করার কার্যক্রম চলমান আছে। | তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | (গ) তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি:মি: এলাকায় ২-ডি সাইসমিক জরিপ কার্যক্রম বাপেক্স-এর মাধ্যমে এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি:মি: এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ কাজ তৃতীয় পক্ষের মাধ্যমে সম্পাদনের নির্দেশনা পাওয়া গিয়েছে। জিডিএফ হতে প্রকল্পের অর্থায়নের বিষয়ে পেট্রোবাংলায় পত্র পুনঃপ্রেরণ করা যেতে পারে। | তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি:মি: এলাকায় ২-ডি সাইসমিক জরিপ এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি:মি: এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত প্রকল্পের অর্থায়ন জিডিএফ হতে নির্বাহের বিষয়ে পেট্রোবাংলা বরাবর পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-৩৪, ৩৫, ৩৬) খননের জন্য জুলাই ২০২৬ হতে জুন ২০২৯ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ এবং জিডিএফ অর্থায়ন বিবেচনায় একটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হচ্ছে। VAT ও Tax এর বিষয়ে NBR এর মতামত পাওয়া তা অন্তর্ভুক্ত করে প্রস্তুতকৃত ডিপিপি অনুমোদনের জন্য বোর্ডে উপস্থাপন করা হবে। | তিতাস-৩৪, ৩৫, ৩৬ কূপ খননের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি যথাশীঘ্র প্রস্তুত করতে হবে। VAT ও Tax এর বিষয়ে NBR এর মতামত পাওয়া গেলে তা অন্তর্ভুক্ত করে প্রস্তুতকৃত ডিপিপি অনুমোদনের জন্য বোর্ডে উপস্থাপন করতে হবে। | |
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের মাধ্যমে একটি Fire Plan প্রণয়ন করে সরকারি অনুমোদন নেয়া হয়। উক্ত Fire Plan বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ম্যাটেরিয়েলস্-এর তালিকা তৈরি, কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ব্যয় প্রাক্কলন করে মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা হলে প্রাক্কলিত ব্যয় হ্রাস করে পুনরায় উপস্থাপনের পরামর্শ প্রদান করা হয়।<br><br>এছাড়া, হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত নিয়োজিত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে Fire Plan এর খসড়া প্রণয়ন করছে। | কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য সরকারি অনুমোদন নেয়া Fire Plan অনুসরণ করে অগ্নি নিরাপত্তা ব্যবস্থা স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ম্যাটেরিয়েলস্-এর তালিকা ও কর্মপরিকল্পনা তৈরি এবং ব্যয় পুনঃপ্রাক্কলন করে উপস্থাপন করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের ECC সংগ্রহের শর্ত অনুযায়ী আগস্ট ২০২৬ এর মধ্যে ETP স্থাপন করতে হবে। এ লক্ষ্যে পুরকৌশল বিভাগ কর্তৃক design & estimation-এর কাজ সম্পাদন করা হচ্ছে। এ জন্য ২০২৬-২৭ অর্থবছরের সংশোধিত বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। | হবিগঞ্জ ফিল্ডে ETP স্থাপনের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থে ETP স্থাপন সংশ্লিষ্ট কাজ চলমান রাখতে হবে এবং ঘাটতি অর্থ ২০২৬-২০২৭ অর্থবছরের সংশোধিত বাজেটে সংস্থান করে ব্যয় নির্বাহ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) |
| ৪.৫। | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম: | | | |
| | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS) | সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ কোম্পানির ২০২৫-২৬ অর্থবছরের কর্মসম্পাদন ক্ষেত্র প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। তদনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে কোম্পানি সচেষ্ট হবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। সভাকে অবহিত করা হয় যে, GPMS এর ২০২৬-২৭ অর্থবছরে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক প্রণয়ন করে জমা প্রদান করতে হবে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ ২০২৬-২৭ অর্থবছরে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক বাস্তবভিত্তিকভাবে প্রণয়ন করে যথাসময়ে পেট্রোবাংলায় দাখিল করতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে সকল প্রকার বিল ডি-নথিতে উপস্থাপন/ প্রক্রিয়া করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে আর্থিক বিষয়াবলী ডি-নথিতে সম্পাদনের উদ্যোগ চলমান আছে। | | ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| ৫.০। | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW-এর ৭-৮ ফুট জায়গায় স্থায়ী অবকাঠামো নির্মাণ করায় স্থানীয় একজন ব্যক্তির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW সংরক্ষণে সচেতন ও তৎপর থাকতে হবে। অবৈধ দখলদারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের পর প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৫.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম এস্টেট বিভাগের নিয়মিত কাজ, যা চলমান আছে। ইতোমধ্যে কোম্পানির মোট ভূসম্পত্তির মধ্যে অফিস, ফিল্ড/স্থাপনা/ লোকেশনসমূহের ভুমির রেকর্ড আপ-টু-ডেট করা হয়েছে। নদী, রাস্তা, বাজার এলাকায় থাকা ভূমির রেকর্ড আপডেট করতে বিধি মোতাবেক কার্যব্যবস্থা চলমান আছে। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| ৫.৩। | ভূমি উন্নয়ন কর পরিশোধ। | সভাকে অবহিত করা হয় যে, ভূমি উন্নয়ন কর যথানিয়মে নিয়মিত পরিশোধ করা হচ্ছে। তবে, সাঙ্গু ফিল্ডের ভূমি উন্নয়ন কর অনলাইনে পরিশোধ করার ক্ষেত্রে উক্ত ভূমির স্বত্বাধিকারির নাম প্রয়োজন হচ্ছে। ফলে, এ বিষয়ে সভার দিকনির্দেশনা প্রত্যাশা করা হয়। | সাঙ্গু ফিল্ডের ভূমি উন্নয়ন কর অনলাইনে পরিশোধের নিমিত্ত উক্ত ভূমির স্বত্বাধিকারির নাম কি হবে- এ বিষয়ে পেট্রোবাংলার নির্দেশনা চেয়ে পত্র প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল) |
| ৬.০। | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৬.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে সর্বমোট ৪২টি মামলা রয়েছে। মামলা নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| ৭.০। | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭.১। | ডাটা সংরক্ষণ এবং ক্রয়কৃত ও ব্যবহৃত সফটওয়্যার সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, পেট্রোবাংলার ১৫১তম (এপ্রিল, ২০২৬) মাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক যাবতীয় গুরুত্বপূর্ণ, Classified and Confidential ডাটা বিডিসিএল-এর 4-Tier Data Centre- এ dedicated on-premises cloud -এ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে কোম্পানির গুরুত্বপূর্ণ, Classified and Confidential ডাটার সুনির্দিষ্ট ক্যাটাগরি এবং পরিমান (GB/TB) সহ একটি তালিকা প্রণয়ন করা প্রয়োজন। এছাড়া, উক্ত সভায় ক্রয়কৃত ও বর্তমানে ব্যবহৃত সফটওয়্যারসমূহের তালিকা প্রণয়ন এবং সেগুলোর ব্যবহারযোগ্যতা ও কার্যকারিতা মূল্যায়ন এবং সর্বোত্তম ব্যবহার নিশ্চিকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। | যাবতীয় গুরুত্বপূর্ণ, Classified and Confidential ডাটা বিডিসিএল- এর 4-Tier Data Centre- এ dedicated on-premises cloud -এ সংরক্ষণের লক্ষ্যে কোম্পানির গুরুত্বপূর্ণ, Classified and Confidential ডাটার সুনির্দিষ্ট ক্যাটাগরি এবং পরিমান (GB/TB) সহ একটি তালিকা প্রণয়ন করতে হবে।<br><br>কোম্পানিতে ক্রয়কৃত ও বর্তমানে ব্যবহৃত সফটওয়্যারসমূহের তালিকা প্রণয়ন, সেগুলোর ব্যবহারযোগ্যতা ও কার্যকারিতা মূল্যায়ন এবং সর্বোত্তম ব্যবহার নিশ্চিকরণে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -- |
| ৮.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৮.১। | নিরাপত্তা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে নিরাপত্তা পরিদর্শন জোরদার রয়েছে, সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিং করা হচ্ছে। নিরাপত্তা বিষয়ে একজন ফোকাল পয়েন্ট মনোনীত করা হয়েছে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা জোরদার রাখতে হবে। ভিজিলেন্স টিমের টহল/ তদারকি অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৮.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত হচ্ছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৮.৩। | নিয়োগ ও পদোন্নতি | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানিতে কর্মরত এবং নতুন যোগদানকৃত কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ চলমান আছে।<br><br>কোম্পানির কম্প্রেসর অপারেশন, প্রসেস প্লান্ট অপারেশন, পাওয়ার জেনারেশন অপারেশন-এর শিফ্ট ডিউটি পরিচালনাসহ ফিল্ডসমূহের বিভিন্ন কাজে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীর সংকট নিরসনের লক্ষ্যে বোর্ডের প্রশাসনিক কমিটিতে উত্থাপন করা হচ্ছে। এছাড়া, সহকারী ব্যবস্থাপক/সমমান ও সহকারী কর্মকর্তা/সমমান পদে জনবল নিয়োগের বিষয়টি শীঘ্রই বোর্ড সভায় উপস্থাপন করা হবে। প্রাপ্যতা অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br><br>কোম্পানির কম্প্রেসর অপারেশন, প্রসেস প্লান্ট অপারেশন, পাওয়ার জেনারেশন অপারেশন-এর শিফ্ট ডিউটি পরিচালনাসহ ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম পরিচালনার প্রেক্ষিত বিবেচনায় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের বিষয়ে বোর্ডের নির্দেশনা মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বিধি-বিধান অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.৪। | নৈমিত্তিক শ্রমিকদের হাজিরা সংক্রান্ত প্রতিবেদন। | সভাকে কমিটির আহবায়ক প্রকৌ. মোঃ ফজলে রাব্বী অবহিত করেন যে, নৈমিত্তিক শ্রমিকদের হাজিরা সম্বলিত প্রতিবেদন এবং সুপারিশ গঠিত কমিটি কর্তৃক প্রণয়ন করা হচ্ছে। | নৈমিত্তিক শ্রমিকদের হাজিরা সম্বলিত প্রতিবেদন এবং সুপারিশ গঠিত কমিটির আহবায়ক কর্তৃক দ্রুত দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট কমিটির আহবায়ক। |
| ৮.৫। | বিভাগীয় মামলা পরিচালনা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানিতে বর্তমানে কোনো বিভাগীয় মামলা চলমান নেই। | বিভাগীয় মামলা হলে তা পদ্ধতিগতভাবে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| **৯.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৯.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, ব্যয় সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র ইতোমধ্যে সকলকে বিতরণ করা হয়েছে। কোম্পানির সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |
| ৯.২। | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি। | সভায় নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। সভাকে অবহিত করা হয় যে, নিরীক্ষা আপত্তিসমূহের ক্লাস্টার বা শ্রেণীবিন্যাস করা হয়েছে। দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে কোম্পানির নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। এ পর্যন্ত নিরীক্ষা আপত্তির জের ৯১টি। | কোম্পানির নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য পেট্রোবাংলার নির্দেশনা অনুসরণে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

সভার আলোচনাপর্বের শেষে কোম্পানির জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক জনাব মোঃ হাবীবুর রহমান, মহাব্যবস্থাপক (প্রশাসন) এর ৩০-০৪-২০২৬ তারিখে অবসর গ্রহণ এবং অদ্যকার সমন্বয় সভায় তাঁর সর্বশেষ অংশগ্রহণ বিধায় সভাপতি, কোম্পানির মহাব্যবস্থাপকগণ ও অন্যান্য কর্মকর্তাগণ তাকে বিদায় সম্ভাষণ জানান। সভাপতি জনাব মোঃ হাবীবুর রহমান এর দীর্ঘ কর্মজীবনে কোম্পানিতে তাঁর অবদানের জন্য কৃতজ্ঞতা জানান। সভায় তাঁর সুস্থ এবং প্রশান্তিময় অবসর জীবন কামনা করা হয়। অপরদিকে জনাব খালেদা ইয়াছমিন, উপমহাব্যবস্থাপক (জনসংযোগ), চলতি দায়িত্ব-কে সভায় স্বাগত ও অভিনন্দন জানানো হয়। জনাব খালেদা ইয়াছমিন কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপণ করে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবংসকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
২৭ এপ্রিল ২০২৬
১৪ বৈশাখ ১৪৩৩

**সংযুক্তিঃ**
(১) উপস্থিতির তালিকা

১২-০৫-২০২৬
প্রকৌঃ মোঃ আব্দুল জলিল প্রামানিক
ব্যবস্থাপনা পরিচালক

২৯ বৈশাখ ১৪৩৩
তারিখ: ১২ মে ২০২৬

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.৪২.০০০৩.২৬.৫৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ।
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৩-০৫-২০২৬
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক